

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২০ অক্টোবর, ২০২৪ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২০/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ রবিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব ইশরাত সিদ্দিকা এর নেতৃত্বে "বার্গার অন" বেইলী রোড, ঢাকা-তে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে রেস্টুরেন্টটির রান্নাঘর অপরিষ্কার অবস্থায় পাওয়া যায়, যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে বিভিন্ন মশলা, ব্রেড ক্রাম, সস মজুদ করতে দেখা যায়। এছাড়াও খাদ্য কর্মীদের হালনাগাদকৃত স্বাস্থ্য সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। উক্ত অভিযোগসমূহ 'বার্গার অন' রেস্টুরেন্ট কর্তৃপক্ষকে পড়ে শুনালে সে জানায়, তারা অতিশীঘ্রই লেবেলিং সংক্রান্ত সমস্যা সমাধান করবে এবং আগামী ১৫ দিনের মধ্যে স্বাস্থ্য সনদ হালনাগাদ করবে। অভিযুক্ত ব্যক্তির বক্তব্য পর্যালোচনা ও ব্যাখ্যা সন্তোষজনক হওয়ায় ১৫ দিনের সময় দিয়ে অঞ্জীকারনামা নেয়া হয় এবং ১৫ দিন শেষে জনাব ইশরাত সিদ্দিকা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর আদালত বরাবর প্রমানসহ একটি লিখিত প্রতিবেদন দাখিল করবেন।

অভিযান পরিচালনাকালে "বার্গার অন" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মাহমুদুল হাছান আনচারী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(এ এইচ এম আসিফ বিন ইকরাম)

উপপরিচালক

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।